গাংনী থেকে সাজাপ্রাপ্ত দুই পলাতক আসামি গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে মাহবুবুর রহমান ও তাজুল ইসলাম নামের সাজাপ্রাপ্ত দু্ই পলাতক আসামিকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ।

আজ বৃহস্পতিবার বিকালে মেহেরপুর ডিবির এস আই অজয় কুমার কুন্ডু এর নেতৃত্বে সঙ্গীয় এস আই সুলতান মাহমুদ ফোর্সসহ গাংনী থানা এলাকায় অভিযান চালিয়ে সাজাপ্রাপ্ত দুই আসামিকে গ্রেফতার করেন।

আটক মাহবুবুর রহমান মেহেরপুরের গাংনী উপজেলার লক্ষীনারায়ণপুর ধলা গ্রামের মুজিবুর রহমানের ছেলে এবং তাজুল ইসলাম গাংনীর শিশিরপাড়া সাবান মিয়ার ছেলে।

আটক মাহবুব এক বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি এবং তার বিরুদ্ধে ৯ লক্ষ ৪০ হাজার টাকা জরিমানা ধার্য করে আদালত। ওই সময় থেকে সে পলাতক রয়েছে। অপরদিকে তাজুল ইসলামের বিরুদ্ধে দুইটি মামলার গ্রেপ্তারি পরোয়ানা রয়েছে বলে জানা গেছে।

ঝিনাইদহে পুকুর থেকে বৃদ্ধের লাশ উদ্ধার

ঝিনাইদহ সদর উপজেলার বোড়াই গ্রামের একটি পুকুর থেকে নজির মিয়া
(৭০) নামের এক বৃদ্ধের লাশ উদ্ধার করেছে পুলিশ।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার ওই গ্রামের মিলন মিয়ার পুকুর থেকে তার লাশ উদ্ধার করা হয়। মৃত নজির মিয়া হরিণাকুন্ডু উপজেলার ভায়না ইউনিয়নের বাগাছড়া গ্রামের মৃত সৌয়দ আলীর ছেলে।

স্থানীয়রা জানায়, বৃহস্পতিবার সকালে মিলন মিয়ার পুকুরে একটি লাশ ভাসতে দেখে পুলিশে খবর দেয় তারা। পরে এসে তার লাশ উদ্ধার করে

ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়।

ঝিনাইদহ সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ সোহেল রানা জানান, নজির মিয়া কিভাবে মারা গেল সে বিষয়ে ময়নাতদন্তের রিপোর্ট আসার পর জানানো যাবে। ভায়না ইউনিয়নের নবনির্বাচিত চেয়ারম্যান নাজমুল হুদা তুষার জানান ব্যাপারটি আমাকে পরিবার থেকে জানিয়েছে, নজির মিয়া মানসিক ভারসাম্যহীন ছিল। গত শনিবার সে বাড়ি থেকে বের হয়, এরপর আর বাড়িতে ফেরেনি। তার পরিবার এলাকায় মাইকিংসহ ও বিভিন্ন মাধ্যমে খোঁজাখুজি করেছে।

গাংনীতে নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্র চালু

পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির তত্বাবধানে ও পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশনের অর্থায়নে কীটনাশকমুক্ত সাক সবজি মানুষের মাঝে ন্যায্যমুল্যে ক্রয় বিক্রয় করনের লক্ষ্যে মেহেরপুরের গাংনীতে নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রে চালু করা হয়েছে।

আজ (২০ জানুয়ারী) বৃহস্পতিবার বেলা ১১ টার সময় গাংনী হাসপাতাল বাজারে নিরাপদ সাক সবজি বিক্রয় কেন্দ্রের উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম।

উদ্বোধনী অনুষ্ঠানে গাংনী উপজেলা কুষি কর্মকর্তা লাভলী খাতুন, পলাশী পাড়া সমাজ কল্যাণ সমিতির নির্বাহী পরিচালক মহাম্মদ মোশারফ হোসেনসহ বাজারের ব্যাবসায়ী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বর্তমানে কীটনাশক ও রাসায়নিক সারের অবাধ ব্যাবহারে নিরাপদ সবজি পাওয়া মুশকিল। মেহেরপুরের মানুৃষ যাতে কীটনাশক ও রোগমুক্ত সাক সবজি পেতে পারে এজন্যই নিরাপদ সবজি বিক্রয় কেন্দ্রটি গুরুত্বপুর্ণ ভূমিকা রাখবে বলে অভিমত ব্যাক্ত করেন অতিথিবৃন্দরা বিক্রয় কেন্দ্রে লাউ, কুচা, পুইশাক, আলু, বেগুন, করলা, ঝিঙ্গা, পটল, কলা, মুলা, বরবটি, টমেটো, চিচিংঙ্গা, সিম, কুমড়া, ফুলকপি ও

বাধাকপি, সশা, গাজরসহ বিভিন্ন সবজি ন্যায্যমূল্যে বিক্রি কার্যক্রম শুরু হয়। কীটনাশক ও রাসায়নিক সার মুক্ত সবজি কিনতে এসে ক্রেতারা সন্তোষ প্রকাশ করেন।

উদ্বোধন কালে বক্তারা বলেন, বর্তমানে উচ্চ মাত্রায় ক্ষতিকর রাসায়নিক বালাইনাশক ও সার ব্যবহার করে উৎপাদিত শাক-সবজি খাওয়ার কারণে মানবদেহে চর্মরোগ, প্রতিবন্ধিতা, বন্ধাত্ব, ক্যান্সার, হৃদরোগ, খিঁচুনি, উচ্চ রক্তচাপসহ আরো অনেক সমস্যার সৃষ্টি হচ্ছে। আবার কোন কোন বালাইনাশকের অবশিষ্টাংশের প্রভাবে শরীরে বেশি দিন থাকে যা শরীরের বিভিন্ন অঙ্গে লিভার,কিডনি, রক্ত ও চার্বিতে জমা হয়। ফলে নানা ধরণের রোগ দেখা দেয়। নিরাপদ সবজি যে সকল শাক-সবজি মানুষের শরীরের জন্য নিরাপদ, রোগ-জিবাণু ও বিষমুক্ত। প্রতিদিন আমরা যেসব শাক সবজি খাচ্ছি তা আমাদের স্বাস্থ্যের জন্য কতটা নিরাপদ? শাক-সবজি চাষে জৈব সার, সবুজ সার , খামারজাত সার বেশি পরিমানে ব্যবহার করা। রাসায়নিক বালাইনাশকের পরিবর্তে জৈব বালাইনাশক ও পোকা দমনের জন্য সেক্স ফেরোমন ফাঁদ, রঙ্গিন আঠালো ফাঁদ ও বিষটোপ ব্যবহার সাক সবজি উৎপাদন করতে চাষিদের উদ্বুদ্ধ করণ ও ক্রেতাদের িনোপদ সবজি কেনা বেচার নির্দিষ্ট স্থানের বড়ই অভাব। এসব কথা ভেবেই মানুষকে শাক সবজি খাওয়া উচিৎ। শাক-সবজিতে বালাইনাশক ব্যবহার নিষিদ্ধ নয়। কিন্তু তা প্রয়োগের পর একটা নির্দিষ্ট সময় পর্যন্ত অপেক্ষা করলে বিষাক্ত উপাদানের প্রভাব কমে যায়। তখন সবজি গ্রহন অনেকটা নিরাপদ ও ঝুঁকিমুক্ত হয়।

আইপি টিভি ও ইউটিউব চ্যানেল খবর প্রচার করতে পারে না’

সম্প্রচার নীতিমালা অনুযায়ী আইপি টিভি ও ইউটিউব চ্যানেল খবর প্রচার করতে পারে না বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ। আর তাই নীতিমালা লঙ্ঘনকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিতে জেলা প্রশাসকদের নির্দেশ দিয়েছেন তিনি। বৃহস্পতিবার (২০

জানুয়ারি) তিনদিনের ডিসি সম্মেলনের শেষ দিনে এ নির্দেশ দেন বলে তিনি সাংবাদিকদের জানান।

তিন দিনব্যাপী সম্মেলনের শেষ দিনে তথ্যমন্ত্রী সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে অপপ্রচার বন্ধের আহ্বান জানান। ক্যাবল টেলিভিশনগুলো যেনো বিজ্ঞাপন প্রচার না করতে পারে সে বিষয়ে ব্যবস্থা নেয়ারও নির্দেশ দেন তিনি। এদিকে নদীর নাব্যতা ধরে রাখতে দূষন ও দখল বন্ধে জেলা প্রশাসকদের আরো তৎপর হওয়ার নির্দেশ দিয়েছেন নৌ পরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী।

অবৈধভাবে বালু উত্তোলন বন্ধে ব্যবস্থা ব্যবস্থা নিতে বলেন পানি সম্পদ প্রতিমন্ত্রী জাহিদ ফারুক। তিনি জানান সকাল ৬ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত অনুমতি নিয়ে বালু উত্তোলন করা যাবে। এসময় পশু খাদ্যে ভেজাল ও কারেন্ট জাল বন্ধে ব্যবস্থা নিতে নির্দেশ দেন মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রী স ম রেজাউল করিম।

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে সেনা, নৌ ও বিমান বাহিনী প্রধান ডিসি সম্মেলনে অংশ নেন। বৈঠক শেষে সেনা প্রধান জেনারেল শফিউদ্দিন আহমেদ বলেন, সামরিক ও বেসামরিক প্রশাসনকে এক সাথে কাজ করতে হবে। তাহলেই অভিষ্ট লক্ষ্যে পৌছানো যাবে।

মুজিবনগরে অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশনের উদ্যোগে কম্বল বিতরন

‘একটু উষ্ণতা’ শ্লোগানে মুজিবনগরে অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশনের উদ্যোগে অসহায় শীতার্তদের মাঝে কম্বল বিতরন করা হয়েছে।
আমার দারাজের সহোযোগীতায় বৃহস্পতিবার সকালে বল্লভপুর গ্রামে এ সকল কম্বল বিতরন করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কম্বল বিতরনের

উদ্বোধন করেন বাগোয়ান ইউনিয়ন চেয়ারম্যান আয়ূব হোসেন। বল্লভপুর প্যারিশের রেভা. মৃত্যুঞ্জয় মন্ডল, ঢোলমারী প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রাজ্জাক, অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশনএর প্রতিনিধি অসিত মোল্লা উপস্থিত থেকে শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেন।

আয়োজক সংস্থার নির্বাহী পরিচালক আলবার্ট মোল্লা বলেন, আমার দারাজ এর সহযোগিতায় এ বছর আমরা ঢাকা, রংপুর, মেহেরপুর এবং বান্দরবান জেলায় মোট ৬৯১ জন দরিদ্র প্রতিবন্ধী ও বয়স্ক ব্যক্তিদের মাঝে কম্বল বিতরণকরছি। এ কাজে এগিয়ে আসার জন্য আমার দারাজকে আন্তরিকভাবে ধন্যবাদ জানাচ্ছি। একই সাথে দেশের বিত্তবান ব্যক্তিদের এ মহতী উদ্যোগে এগিয়ে আসার জন্য আহ্বান জানাচ্ছি।

চেয়ারম্যান আয়ুব হোসেন অ্যাকসেস বাংলাদেশ ফাউন্ডেশন ও আমার দারাজকে ধন্যবাদ জানান সুদূর ঢাকা থেকে সীমান্তবর্তী এলাকা মুজিবনগরের প্রত্যন্ত গ্রামের অসহায় শীতার্ত ব্যক্তিদের কম্বল পাঠানোর জন্য। তিনিএ কম্বল প্রদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য দাতা প্রতিষ্ঠান ও আয়োজকদের অনুরোধ জানান।

ঝিনাইদহে অস্ত্র গুলিসহ একজন গ্রেফতার

ঝিনাইদহ সদর উপজেলার প্রতাপপুর গ্রাম থেকে ওয়ান শুটার গান ও আর এক রাউন্ড গুলিলোসহ রফিকুল ইসলাম শুভ ওরফে বান্টা (২১) নামে এক সন্ত্রাসীকে আটক করেছে ঝিনাইদহ ডিবি পুলিশ।

গতকাল মঙ্গলবার রাতে উপজেলার হলিধানী ইউনিয়নের প্রতাপপুর গ্রাম থেকে তাকে আটক করা হয়। বান্টা হরিনাকুণ্ডু উপজেলার পার্বতীপুর গ্রামের আরিফুল ইসলামের ছেলে।

বুধবার (১৯ জানুয়ারি) ঝিনাইদহ জেলা গোয়েন্দা শাখার (ডিবি) ওসি মো. আনোয়ার হোসেন এ তথ্য জানান। তিনি বলেন, জানান মঙ্গলবার ঝিনাইদহ ভোটেনারী কলেজের সামনে টহলের সময় ডিবি পুলিশ দেখে

বান্টা পালানোর চেষ্টা করে। এ সময় তাকে আটক করা হয়। তার দেহ তল্লাশি করে কোমরে গোঁজা একটি ওয়ান শুটারগান ও এক রাউন্ড লোডকৃত গুলি পাওয়া যায়। বান্টা বিভিন্ন অপরাধমূলক কাজের সাথে জড়িত বলে পুলিশকে জানিয়েছে। এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানায় বুধবার একটি মামলা হয়েছে।

মেহেরপুরে মাদক ব্যবসায়ীর ৭ বছরের কারাদণ্ড

মেহেরপুরে ফেন্সিডিল রাখার অভিযোগে আক্কাস আলী নামে এক মাদক ব্যবসায়ীকে ৭ বছরের সশ্রম কারাদণ্ড ও ৫ হাজার টাকা জরিমানা আদেশ দিয়েছেন আদালত। ৫ হাজার টাকা অনাদায়ে আরো ৬ মাসের কারাদন্ডের নির্দেশ দেন তিনি।

মেহেরপুর আতিরিক্ত দায়রা জজ রিপতিকুমার বিশ্বাসের আদালত আজ বুধবার দুপুরে এ রায় ঘোষণা করেন। আক্কাস আলী মেহেরপুর গাংনী উপজেলার গরিনগর গ্রামের সাবান আলীর ছেলে।

মামলার বিবরণে জানা যায়, ২০১৩ সালের ৯ সেপ্টম্বর মেহেরপুর ডিবি পুলিশের একটি দল আভিযান চালিয়ে ২শ বোতল ফেন্সিডিলসহ আক্কাশ আলীকে আটক করে। এ সময় গাংনী থানায় মাদক দ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা হয়।

দর্শনা আন্তজার্তিক রেল বন্দরে ৩ রাউন্ড গুলি বর্ষন, ৭ বস্তা

গম উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনা আন্তজার্তিক রেল ইয়ার্ডে ভারত থেকে আমদানী করা গম ভর্তি রেলের ওয়াগেন ভেঙ্গে ২০/২৫ জন স্থানীয় সঙ্গবদ্ধ চোরেরা গম লুট করার ঘটনা ঘটেছে। এ সময় প্রতিরোধে রেলওয়ে নিরাপত্তা কর্মীরা ৩ রাউন্ড ফাঁকা গুলি বর্ষণ করেছে ।

গতকাল মঙ্গলবার মধ্যরাতে দর্শনা রেল বন্দরের ইয়ার্ডে এ ঘটনা ঘটে। পরে চোরচক্রের সদস্যরা ঘটনাস্থল ত্যাগ করে পালিয়ে যায়।এ ঘটনায় কাউকে আটক করতে না পারলে ঘটনাস্থল থেকে ৭ বস্তা গম উদ্ধার করেছে নিরাপত্তা কর্মীরা।

দর্শনা রেল বন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, ভারত থেকে আমদানী করা গম রেলপথ দিয়ে দর্শনা ইয়ার্ডে এসে পৌঁছায়। এসময় ওই ইয়ার্ডে বিপুল পরিমাণ গম মজুদ ছিল। মঙ্গলবার রাতে ২০-২৫ জনের একটি চোরচক্র দেশীয় রাম দা অস্ত্র-শস্ত্র নিয়ে রেলের ওয়াগন ভেঙ্গে গম লুট করতে হানা দেয়। এসময় রেলওয়ে নিরাপত্তাকর্মীরা তাদের প্রতিরোধ করতে গেলে তাদের ওপর চড়াও হয় চোরচক্র সদস্যরা। পরে তাদেরকে ছত্রভঙ্গ করতে ৩ রাউন্ড গুলি বর্ষণ করে নিরাপত্তাকর্মীরা। এসময় ৭ বস্তা গম ফেলেই পালিয়ে যায় চোররা। খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে।

রেলওয়ে নিরাপত্তা বাহিনীর দর্শনা সার্কেলের ইনচার্জ ইন্সপেক্টর হাসান শিহাবুল ইসলাম জানান, আমাদের নিরাপত্তা বাহীনী প্রতিদিনের ন্যায় ডিউটি করছিল তারা হঠাৎ করে ওয়াগন ভাঙার শব্দ হয়। তারপর আমার বাহীনী চোরচক্রের ওপর চড়াও হলে তারা পাল্টা আক্রমন করে। পরে আমরা পি টি এল বাহীনী নিয়ে আমরা তাদের প্রতিরোধ করি। আমরা উপয়ান্ত না পেয়ে জান মাল রক্ষার্থে ৩ রাউন্ড ফাঁকা গুলি চালানো হয়। পরে চোরচক্র ছত্রভঙ্গ হয়ে পালিয়ে যায়। এ ঘটনায় কেউ আহত হয়নি। বিষয়টি সাথে সাথে দর্শনা থানা পুলিশকে খবর দিলে তার ত্ৎক্ষনিক পদক্ষেপ নেয়।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) লুৎফুল কবীর জানান, খবর পেয়ে রাতেই ঘটনাস্থলে পৌঁছায় পুলিশ। পরে পরিস্থিতি নিয়ন্ত্রনে নেয়া হয়। চোর চক্রের সদস্যদের গ্রেফতার করতে অভিযান চালানো হচ্ছে। এ ঘটনায় পোড়াদহ থানায় মামলা দায়ের করবে জানান ইন্সপেকটর শিহাবুল ইসলাম।

মেহেরপুর সরকারি কলেজে সাংস্কৃতিক প্রতিযোগিতার বাছাইপর্ব শুরু

মেহেরপুর সরকারি কলেজে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে সাংস্কৃতিক প্রতিযোগিতার বাছাইপর্ব শুরু হয়েছে।

আজ সকাল সাড়ে ১০ টায় কলেজের একাডেমিক কাম এক্সামিনেশন হলে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রধান ও সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধূমকেতুর সভাপতিত্বে অনুষ্ঠিত বাছাইপর্বের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আবদুর রাজ্জাক।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষক পরিষদের সম্পাদক কাবিল উদ্দিন, সহকারী অধ্যাপক বশির আহাম্মেদ প্রমুখ।

চূড়ান্ত প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হবে আগামী ২৫ জানুয়ারি।

বাচেনা খাতুনের পেটে কাঁচি রাখার ঘটনা তদন্তে আদালতের

নির্দেশ

মেহেরপুরের গাংনীর রাজা ক্লিনিকে বাচেনা খাতুনের পিত্তথলির পাথর অপারেশনের দীর্ঘ ১৯ বছর পর পেটে কাঁচি থাকার ঘটনায় রাজা ক্লিনিকের মালিক পারভিয়াস হোসেন রাজা ও অপারেশন সংশ্লিষ্টদের বিরুদ্ধে সার্বিক তদন্ত করার নির্দেশনা দিয়েছে আদালত।

গত বৃহস্পতিবার মেহেরপুর আদালতের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিষ্ট্রেট তরিকুল ইসলাম স্বপ্রনোদিত হয়ে মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) অপু সারোয়ারকে ঘটনা তদন্ত করার নির্দেশ দেন। ঘটনা তদন্তে সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকীকে সার্বিক সহযোগিতা করার জন্য বলা হয়েছে।

মেহেরপুরের অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) অপু সারোয়ার বলেন,আদালত কর্তৃক ঘটনা তদন্ত করার নির্দেশনা পাওয়ার পর বিষয়টি তদন্ত শুরু হয়েছে। তদন্ত শেষে দ্রত সময়ের মধ্যে আদালতে প্রতিবেদন জমা দেয়া হবে।

এদিকে মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে ঘটনা তদন্তে গত ৫ জানুযারী গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো: আশরাফুজ্জামান লিটনকে প্রধান ও মেহেরপুর জেনারেল হাসপাতালের জুনিয়র কনসালটেন্ট সার্জারী মো: ফজলুর রহমান,মেহেরপুর সিভিল সার্জন কার্যালয়ের চিকিৎসক ফয়সাল হারুনকে সদস্য করে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়। কমিটিকে তিন কর্মদিবসের মধ্যে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হলেও ১৫ দিনেও তদন্ত প্রতিবেদন জমা দিতে পারেনী।

তদন্ত প্রতিবেদনের বিষয়ে তদন্ত কমিটির প্রধান গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো: আশরাফুজ্জামান লিটনের ব্যবহৃত মোবাইল ফোনে কল দিলে বন্ধ পাওয়া যায়।

মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ জওয়াহেরুল আনাম সিদ্দিকী বলেন,স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে যে কমিটি গঠন করা হয়েছে। সে কমিটির সদস্যরা কিছুটা সময় চেয়েছে। দ্রত সময়ের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে। এছাড়া আদালত থেকে ঘটনা তদন্তে সহযোগিতা করার জন্য একটি অনুলিপি দেয়া হয়েছে বলে তিনি স্বীকার করেন।

উল্লেখ্য: মেহেরপুরের গাংনীর রাজা ক্লিনিকের মালিক পারভিয়াস